

## শ্রীশ্রীহরি সঙ্গীত

ভজ রামধনু, রাম তনু, চূড়ামণি বুদ্ধিমন্ত ॥  
 ভজ রাম কুমার, অক্ষয় ঠাকুর, বসু নবীন চন্দ্র ॥  
 ভজ রাম সুন্দর, কোটিশ্বর, বালা ঈশ্বরচন্দ্র ॥  
 ভজ রামচাঁদ, নেহালচাঁদ সাধু মহেশ্বচন্দ্র ॥  
 ভজ রইচরণ, রামমোহন আরো কার্তিকচন্দ্র ॥  
 ভজ লালচাঁদ, জয়চাঁদ আরো গোলোকচন্দ্র ॥  
 ভজ তপস্বীরাম, ভজরাম আরো আড়ঙ্গচন্দ্র ॥  
 ভজ কমল দাস মুলিরাম, করুণা গোবিন্দ ॥  
 ভজ করজোড় বিনয় করে হরিচাঁদের ভক্তবৃন্দ ॥  
 যেই যেই দেশে আছে হরিচাঁদের ভক্তবৃন্দ ॥  
 হ'য়েছে হবেন যত, হরিচাঁদের ভক্তবৃন্দ ॥

### ২ নং তাল-ঠুংরী

জয় জগবন্ধু করুণার সিদ্ধু, যশোমন্ত নন্দন হরি ॥  
 কলির শেষেতে, কলুষ নাশিতে, উদয় সফলানগরী ॥  
 ১। ভূভার হরণ, পতিত পাবন, ভুবন রঞ্জনকারী ॥  
 পতিত তারিতে আইলা মহিতে, সাঙ্গোপাঙ্গ সঙ্গে করি ॥  
 ২। ত্রিতাপ হারক, দুরিত বারক, দুরন্ত কৃতান্তবারী ॥  
 দুষ্টের দমন, শিষ্টের পালন, শরণাগত হিতকারী ॥  
 ৩। রেশম বরণ, অঙ্গের কিরণ, একাম্বর ধারী ॥  
 আজানুলম্বিত, বাহু সুবলিত, বাক্য মধুর মাধুরী ॥  
 ৪। সুদীর্ঘ কেশ, মনোহর বেশ, দীন হীন বেশধারী ॥  
 আকর্ণ লোচন, অরুণ বরণ, হেরিয়া বুরিয়া মরি ॥  
 ৫। বয়স প্রবীন, দেখিতে নবীন, ভব ভয় ভঞ্জনকারী ॥